



User Manual

for

Avro Keyboard 4

Author: See Below for Author Information

Second Edition - 26th March, 2007
Revised Edition – 20th February, 2006
First Edition – 9th February, 2006

Avro Keyboard: <http://www.omicronlab.com/avro-keyboard.html>
Online Forum: <http://www.omicronlab.com/forum/>
OmicronLab: <http://www.omicronlab.com/>

৩ EOT Making Guide – How to Embed Bangla font in web Pages – How to use WEFT properly

লেখাটি লিখেছেন জিয়াউল হাবীব রুবন (http://thpbid.org/help/eot_making_guide/index.html)।

লেখকের অনুমতি নিয়ে বানান, ভাষারীতি, বিষয়ের কিছু পরিবর্তন করেছেন আলমগীর মোহাম্মদ (<http://www.joomla-bd.org/>)।

উল্লেখিত লেখকদ্বয়ের সদয় অনুমতিক্রমে এই পরিপূর্ণ নির্দেশিকাটি অত্র কীবোর্ড এর সাথে অন্তর্ভুক্ত করা হল।

লেখাটি ইতিমধ্যে আপডেট করা হয়েছে কিনা জানতে ভিজিট করুনঃ

<http://www.joomla-bd.org/bn/unicode-fonts/guide-to-creating-eot-dynamic-font.html>

ধাপ ১:

আমরা সোলাইমানলিপি ফন্টটির একটি EOT বানাতে যাচ্ছি। মাইক্রোসফটের ওয়েবসাইট থেকে WEFT টুলটি ডাউনলোড করে ইনস্টল করুনঃ

<http://www.microsoft.com/typography/web/embedding/weft3/>


WEFT প্রোগ্রামটি চালু করলে সেটি প্রথমেই আপনার সিস্টেমের সব ফন্ট চেক করে একটি ডেটাবেজ তৈরি করবে। এরপর উইজার্ড চালু হবে। আপনি উইজার্ডটি বাতিল করে বের হয়ে যান, কেননা আমাদের কিছু প্রস্তুতি আছে।


ধাপ ২:

আপনার C:\ ড্রাইভে **Bangla** নামে একটি ফোল্ডার তৈরী করুন। ফোল্ডারের ভিতর একটি টেক্সট ফাইল তৈরি করুন **SolaimanLipi.txt** নামে।



ফাইলটি নোটপ্যাডে ওপেন করুন এবং চিত্র -২ এর মতো এইচটিএমএল কোডগুলি লিখুন। এবং বাংলা লিখুন সাধারণভাবে অত্র কীবোর্ড ব্যবহার করে। ফাইলটি সেভ করুন UTF 8 ফরমেটে। এরপর, ফাইলটির এক্সটেনশন **txt** বদলে **htm** দিন।





ফাইলটি এরকম দেখাবে-



ধাপ ৩:

এবার WEFT টুলটি রান করুন। টুলস মেনু থেকে 'Update Font Database' এ ক্লিক করুন। ফন্ট ডাটাবেজ আপডেট হবে।



View মেনুতে গিয়ে 'Available Fonts' এ ক্লিক করুন। আপনার সিস্টেমে থাকা সবগুলো ফন্টের একটা তালিকা দেখা যাবে। এই তালিকা থেকে বুঝা যাবে কোন ফন্টের EOT তৈরি করা যাবে এবং কোনটির যাবে না। আপনার কাজিত ফন্টটি তালিকায় সবুজ রং-এ আছে এটি নিশ্চিত হোন। এখানে দেখুন সোলাইমানলিপি ফন্টটি সবুজ দেখা যাচ্ছে, যেটি দিয়ে আমরা EOT বানাতে যাচ্ছি।

Font	FontFamily	Info	Type
✗ RuposhreeMJ Bold	RuposhreeMJ	May be broken!	TrueType
✗ RuposhreeMJ BoldItalic	RuposhreeMJ	May be broken!	TrueType
✗ RuposhreeMJ Italic	RuposhreeMJ	May be broken!	TrueType
✓ Sagar	Sagar	Editable	TrueType
✓ Showcard Gothic	Showcard Gothic	Editable	TrueType
✓ Shruti	Shruti	Editable	TrueType
✓ ShurmaEMJ	ShurmaEMJ	Previewable	TrueType
✓ ShurmaEMJ Bold	ShurmaEMJ	Previewable	TrueType
✓ ShurmaEMJ BoldItalic	ShurmaEMJ	Previewable	TrueType
✓ ShurmaEMJ Italic	ShurmaEMJ	Previewable	TrueType
✗ ShurmaMJ	ShurmaMJ	May be broken!	TrueType
✗ ShurmaMJ Bold	ShurmaMJ	May be broken!	TrueType
✗ ShurmaMJ BoldItalic	ShurmaMJ	May be broken!	TrueType
✗ ShurmaMJ Italic	ShurmaMJ	May be broken!	TrueType
✓ Snap ITC	Snap ITC	Editable	TrueType
✓ SolaimanLipi	SolaimanLipi	Editable	TrueType
✓ SolaimanLipi	SolaimanLipi	Installable	TrueType
✓ SomeshwarEMJ Bold	SomeshwarEMJ	Previewable	TrueType

ধাপ ৪:

তবে চলুন EOT তৈরি শুরু করি।

টুলস মেনু থেকে উইজার্ড রান করুন।

প্রথম ধাপ: **Welcome** জানাবে।



Next >

Set User Information ডায়ালগ বক্স আসবে। এখানে আপনার নাম এবং ইমেইল এড্রেস লিখুন। মনে রাখবেন একবার যদি এই ফরমটি পূরণ করে থাকেন তবে, উইজার্ডের শুরুতে এ বক্সটি আর আসবে না।

Set User Information

Please enter your name and e-mail address.

User

Full Name: Eyed Ziaul Habib (Roobon)

E-mail: roobon@gmail.com

Digital Id:

< Back Next > Cancel

Next >

দ্বিতীয় ধাপ: এখানে যে এইচটিএমএল ফাইলটির সাহায্যে EOT করবেন তা দেখিয়ে দিতে হবে।




এখান থেকে ব্রাউজ করে আপনার তৈরিকৃত এইচটিএমএল ফাইলটি দেখিয়ে দিন।



Next >


এখানে উইজার্ড আপনার পেজটির সঠিকতা যাচাই করে দেখবে।




একটি মেসেজ দেখাবে। আপনার ফাইলটিতে মাল্টি-লিঙ্গুয়াল কনটেন্ট থাকার কারণে কোন কোন অপারেটিং সিস্টেমে অসুবিধা হতে পারে এমন মেসেজ দেখাচ্ছে। ইয়েস বাটনে ক্লিক করুন।




এখানে সোলাইমানলিপি ফন্টটি দেখাচ্ছে।




এখানে **Subsetting** কী হবে তা বলে দিতে হবে। কস্মো বক্স থেকে **Per site subsetting** সেট করুন। তাহলে ক্লায়েন্ট যখন সাইটটি ভিজিট করবে তখন একবার মাত্র EOT তার কম্পিউটারে ডাউনলোড হবে। এরপর প্রতি পেজ ভিজিট করতে ক্লায়েন্টের আর কোন অসুবিধা হবে না। **Per page subsetting** সিলেক্ট করলে ক্লায়েন্টের প্রতিটি পেজের সঙ্গে EOT ডাউনলোড হতো। এতে অনেক সময় অপচয় হবে এবং আপনার সাইট ধীর গতির মনে হবে।




এরপর দেখুন সোলাইমানলিপি ফন্টের ক্যারেক্টার ১৬টি দেখাচ্ছে। ফন্টের সবগুলো ক্যারেক্টার সিলেক্ট করা নাই। এর কারন, আপনি যে এইচটিএমএল ফাইল দিয়েছেন তাতে ফন্টের সবগুলো অক্ষর ব্যবহৃত হয়নি। আপনাকে সবগুলো অক্ষর সিলেক্ট করে নিতে হবে। ফন্টটি সিলেক্ট করুন এবং **Subset** বাটনে ক্লিক করুন।




ড্রপ-ডাউন লিস্ট থেকে প্রতিটি ল্যাঙ্গুয়েজ সিলেক্ট করুন এবং সেই ল্যাঙ্গুয়েজ থেকে যে অক্ষরগুলি এই ফন্টে ব্যবহার হচ্ছে সেগুলো সিলেক্ট করে দিন।



বাংলা ফন্টগুলি প্রায় সবই ডিসিলেক্ট অবস্থায় ছিলো। সেগুলি সিলেক্ট করুন।



এখানে আপনাকে খুব সতর্কতার সাথে অক্ষর সিলেক্ট করতে হবে। কোন প্রয়োজনীয় অক্ষর বাদ পড়লে, সেই অক্ষরের জন্য পেজে বক্স দেখাবে।



দু'একটি অক্ষর ভুল করে যোগ করলে খুব একটা অসুবিধা হবে না। ফলাফলে EOT-এর সাইজ বেড়ে যাবে। আমাদের চেষ্টা থাকবে EOT যতটা সম্ভব ছোট রাখার। সেজন্য অপ্রয়োজনীয় অক্ষরগুলি সিলেক্ট না করাই ভালো।

শেষ হলে ওকে করুন। এখানে দেখা যাচ্ছে আমি ১১৫টি অক্ষর সিলেক্ট করেছি।




Next >

পঞ্চম ধাপ: ফন্ট অবজেক্ট বা EOT তৈরির জন্য সবকিছু প্রস্তুত হয়েছে। এখন প্রয়োজন কোন সাইটে এই EOT ব্যবহার হবে তা বলে দেয়া। ইচ্ছা করলে আপনি একাধিক সাইটের জন্য বলে দিতে পারেন। মনে রাখবেন এক সাইটের জন্য তৈরি EOT অন্য সাইটে ব্যবহার করা যাবে না যদি না এখানে বলে দেয়া থাকে।



এডিট বাটনে ক্লিক করুন।


ওয়েব এড্রেস যুক্ত করুন। আমি এখানে ছয়টি ওয়েব সাইটে ব্যবহার করবো বলে ছয়টি সাইটকে যুক্ত করেছি।



এখানে লক্ষ্য করুন আমি একটি সাইটকে দু'বার যুক্ত করেছি। একবার এভাবে <http://www.shujan.org> এবং অন্যবার এভাবে <http://shujan.org>



OK বাটনে ক্লিক করুন। এরকম ডায়ালগ আসবে।




Next >

এখানে নিচের মেসেজটি দেখাবে। একটু অপেক্ষা করুন।




আপনার EOT ফাইল তৈরি হয়েছে। এবার প্রজেক্টটিকে সেভ করতে পারেন। এখানে ডিফল্ট লোকেশন দেয়া আছে। ইচ্ছা করলে পরিবর্তন করতে পারেন।




Next >

সমাপ্ত দেখাবে।




কীভাবে বুঝবেন **EOT** ফাইল তৈরি হয়েছে?

১. C:\Bangla বাংলা ফোল্ডারে যান, দেখবেন আপনার এইচটিএমএল ফাইলটির পাশাপাশি EOT এক্সটেনশনের একটি নতুন ফাইল তৈরি হয়েছে।



২. নোটপ্যাডের সাহায্যে আপনার **SolaimanLipi.htm** ফাইলটি খুলুন। লক্ষ্য করুন, টাইটেলের পরে স্টাইল ট্যাগে কিছু বাড়তি তথ্য যোগ হয়েছে। এই তথ্য যোগ হওয়ার ফলে বোঝা যাচ্ছে আপনি EOT ফাইলটি সফলভাবে তৈরি করতে পেরেছেন।



```
File Edit Format View Help
SolaimanLipi.htm - Notepad
English
<HTML>
<Head>
<meta http-equiv="Content-Type" content="text/html; charset=UTF-8">
<Title>Bangla</Title>

<STYLE TYPE= "text/css">
<!-- /*WEFT - Created by: Syed Ziaul Habib (Roobon) (roobon@gmail.com) on 7/27/2006 --*/
    @font-face {
        font-family: SolaimanLipi;
        font-style: normal;
        font-weight: normal;
        src: url(SOLAIMA0.eot);
    }
-->
</STYLE>

</Head>
<Body>
<Font Face = SolaimanLipi>
আমার লোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি
</Font>
</Body>
</HTML>
```

কীভাবে আপনার ওয়েবসাইটে EOT ব্যবহার করবেন?

১. 'eot' এবং 'htm' ফাইল দুইটি কপি করুন, আপনার সাইটের রুটে পেস্ট করুন। এফটিপি ব্যবহার করে আপলোডও করতে পারেন।
২. যে সব পেজে সোলাইমানলিপি ফন্টটি ব্যবহার করতে চান তার প্রতিটি পেজটি ওপেন করুন। সোর্স কোডে </TITLE> - এর পর এবং </HEAD> - এর আগে <STYLE> ... </STYLE> কোডগুলি জুড়ে দিন যেগুলি আপনার solaimanlipi.htm ফাইলটিতে তৈরি হয়েছিলো। এভাবে আপনি যেসব পেজে বাংলা ব্যবহার করবেন সেই পেজগুলিতে কোডগুলি কপি-পেস্ট করলেই চলবে।

কাজ শেষ। এখন আপনার পেজে বাংলা লেখা থাকলে ক্লায়েন্টের দেখতে কোন অসুবিধা হবে না। তবে বাংলা পেজ ডেভেলপ করার পর বাংলা (ইউনিকোড) ফন্ট নেই এমন একটি কম্পিউটার থেকে চেক করা খুবই প্রয়োজন। তবে মনে রাখতে হবে EOT মাইক্রোসফটের একার প্রযুক্তি বলে শুধু ইন্টারনেট এক্সপ্লোরারে কাজ করে। মোজিলা, নেটস্ক্যাপ বা অপেরাতে EOT সমর্থন করে না। এসব ব্রাউজারের বেলায় আপনাকে মূল ফন্ট ডাউনলোডের সুবিধা রাখতে হবে।

কৃতজ্ঞতা স্বীকারঃ

জিয়াউল হাবীব রুবন - http://thpbd.org/help/eot_making_guide/index.html

এবং

আলমগীর মোহাম্মদ - <http://www.joomla-bd.org/>

যদি আপনার কোন প্রশ্নের জবাব এইখানে খুঁজে না পান তবে যে কোন সময় OmicronLab Online Forum এ জিজ্ঞেস করতে পারেন।

ঠিকানাঃ <http://www.omicronlab.com/forum>